দৈনিক সংবাদ

29 MAY 1997
তারিখ ...
পৃষ্ঠা ... ৮ কলাম ... ৪

৬৯

### খুলনা বিশ্ববিদ্যালয়

# শিক্ষক ধর্মঘট পালিত ছাত্রদের ক্লাস বর্জন চলছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

খুলনা, ২৮শে মে।– সন্ত্রাসমুক্ত ও শান্ত পরিবেশের খুলনা বিশ্ববিদ্যালয় আকস্মিক–ভাবে অশান্ত হয়ে উঠেছে। একটি ডিসিপ্লিনের ছাত্রদের আন্দোলনের পট–ভূমিতে আজ শিক্ষকরা প্রতীক ধর্মঘট পালন করেছে। পরিস্থিতি সামাল দেয়ার জন্য কর্তৃপক্ষ ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করেছে। যেকোন মুহূর্তে পরিস্থিতির আরো অবনতি হওয়ার আশংকা রয়েছে।

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিবিএ ডিসি–প্লিনের ছাত্ররা অবিলম্বে অন্তত ৫ জন এমবিএ শিক্ষক নিয়োগসহ ৪ দফা দাবিতে গত রোববার থেকে অনির্দিষ্ট–কালের জন্য ক্লাস বর্জন শুরু করেছে। স্মারকলিপি দেয়া হয়েছে উপাচার্যসহ সংশ্লিষ্ট সকলের কাছে।

আন্দোলনের কর্মসূচি হিসেবে ছাত্ররা গতকাল মঙ্গলবার বিবিএ ডিসিপ্লিনের প্রধান রশিদুজ্জামানের কুশপুত্তলিকা দাহ করে। ছাত্রদের অভিযোগ তিনি ব্যবস্থাপনার শিক্ষক। ডিসিপ্লিনে ব্যবস্থাপনার শিক্ষক দিয়ে বিবিএ'র ছাত্রদের পড়ানোর কারণে এখানকার ছাত্রদের সার্টিফিকেটকে যথাযথভাবে মূল্যায়ন করা হচ্ছে না। এ কারণে ছাত্ররা ব্যবস্থাপনা বিভাগ চালু করে ওই সকল শিক্ষককে সেখানে দেয়ার দাবি জানিয়েছে। আর এমবিএ বা বিবিএ গ্রাজুয়েটদের দিয়ে বিবিএ ডিসিপ্লিনের ছাত্রদের পড়ানোর ব্যবস্থা করা হোক।

আন্দোলনরত ছাত্ররা আগামীকাল স্থানীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলন আহ্বান করেছে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, একজন শিক্ষকের কুশপুত্তলিকা দাহ করার প্রতিবাদে আজ শিক্ষকরা প্রতীক ধর্মঘট পালন করেছে। এই কর্মসূচির মধ্য দিয়ে ছাত্র–শিক্ষকদের সঙ্গে দূরত্ব বেড়েছে বলে ধারণা করা হচ্ছে।

এদিকে সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের খান–জাহান আলী ছাত্রাবাসের ছাত্রদের অভ্যন্তরীণ কোন্দলের জের হিসেবে সন্ত্রাসী ঘটনা ঘটেছে। এর ফলে সাধারণ ছাত্ররা সন্ত্রাসীদের লালন করার অভিযোগ এনেছে কর্তৃপক্ষের বিরুদ্ধে। এ কারণে ছাত্ররা সড়ক অবরোধ পর্যন্ত করেছিল। উপাচার্যের অনুপস্থিতিতে ট্রেজার সরদার আবদুর রাজ্জাক ছাত্রদের শান্ত করেন। এই পরিস্থিতিতে পুরো অবস্থা মূল্যায়ন প্রয়োজন বলে অনেকে মন্তব্য করেছেন।